**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 21-09-24** **Desk in Charge :**

**Time : 7.35 A.M.** **Compiling :**

**Opening Announcement –**

আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি রাজ্যে বন্যা পরিস্থিতির জন্য DVC-কে দায়ী করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে যে চিঠি দিয়েছেন, তার জবাবে জলশক্তি মন্ত্রক জানিয়েছে, জলাধার নিয়ন্ত্রণ কমিটির পরামর্শ মতোই DVC-র মাইথন ও পাঞ্চেত দুটি জলাধার থেকে জল ছাড়া হয়েছে।

২/ RG Kar হাসপাতালে তরুণী চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনার প্রতিবাদে আন্দোলনরত জুনিয়র চিকিৎসকরা, কর্মবিরতি আংশিক প্রত্যাহার করে ৪২ দিন পর আজ জরুরী বিভাগে কাজে যোগ দিচ্ছেন। তবে ন্যায় বিচার না পাওয়া পর্যন্ত আন্দোলন চলবে বলে স্পষ্ট জানিয়েছেন তাঁরা।

৩/ অভয়ার ন্যায় বিচারের দাবীতে গতকাল স্বাস্থ্য ভবন থেকে সি জি ও কমপ্লেক্স পর্যন্ত এক মিছিলে যোগ দেন আন্দোলনকারী চিকিৎসকরা।

# অন্যদিকে একই দাবীতে নাগরিক সমাজের এক রিলে মশাল মিছিলে সামিল হন অসংখ্য সাধারণ মানুষ।

৪/ দীর্ঘ আন্দোলনের পর মালদা মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষ হাসপালে জুনিয়ার চিকিৎসকদের দাবী মেনে নিয়েছে। এদিকে, উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ হাসপাতালের সুপার স্পেশালিটি ব্লকের পাঁচটি ঘরের দখল নিয়েছে ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিল।

৫/ বিশ্বভারতী বিশ্ব বিদ্যালয়ে ভিন রাজ্যের ছাত্রীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় ধৃত আরো দুজন।

৬/ ISL ফুটবলে আজ মহামেডান স্পোর্টিং, এফ সি গোয়ার বিরুদ্ধে খেলবে।

****************************************************************************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি রাজ্যে বন্যা পরিস্থিতি তৈরির জন্য ডিভিসিকে দায়ী করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে যে চিঠি দিয়েছেন, জলশক্তি মন্ত্রকের পক্ষ থেকে তার উত্তর দেওয়া হয়েছে। জলশক্তি মন্ত্রী সি আর পাতিল, মুখ্যমন্ত্রীকে লেখা পাল্টা আরেকটি চিঠিতে বলেছেন, বৃহস্পতিবার তিনি যখন এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছিলেন, তখন তাঁর মন্ত্রকের পক্ষ থেকে কোন পরিস্থিতিতে DVC-র দুটি জলাধার থেকে জল ছাড়া হচ্ছে, সে ব্যাপারে বিস্তারিত ব্যাখ্যা দেওয়া হয়। তারপরেও মুখ্যমন্ত্রী গতকাল যে চিঠি দিয়েছেন, তার প্রেক্ষিতে শ্রী পাতিল বলেন, DVC-র মাইথন ও পাঞ্চেত দুটি জলাধার থেকে ডিভিসি-র জলধার নিয়ন্ত্রণ কমিটির পরামর্শ মতোই জল ছাড়া হয়। সেই কমিটিতে রয়েছেন, পশ্চিমবঙ্গ ও ঝাড়খন্ড সরকার এবং DVC-র প্রতিনিধি ছাড়াও কেন্দ্রীয় জল কমিশনের সদস্য সচিব। DVC নিজে থেকে বাড়তি জল ছাড়ার ব্যাপারে কোন সিদ্ধান্ত নেয় না। চিঠিতে তিনি আরও বলেছেন, দক্ষিণবঙ্গে ভারী বৃষ্টি এবং পশ্চিমবঙ্গ সরকারের অনুরোধক্রমে ১৪ থেকে ১৭ ই সেপ্টেম্বর ২ টি জলাধার থেকে জল ছাড়ার পরিমাণ প্রায় ৫০ শতাংশ কমিয়ে দেওয়া হয়। কিন্তু ১৬ ও ১৭ তারিখে আরও ভারী বৃষ্টির দরুন, বাধ্য হয়েই জল ছাড়ার পরিমাণ বাড়াতে হয়, যাতে বাঁধের জল উপচে বড় রকমের কোন বিপর্যয় না হয়। আর এই জল ছাড়ার সময়েও যে জলধার নিয়ন্ত্রণ কমিটির পরামর্শ নেওয়া হয়েছিল সে কথাও জলশক্তি মন্ত্রী স্পষ্ট উল্লেখ করেছেন। তিনি আরো জানান, ওই দুটি জলাধার থেকে জল ছাড়ার পরিমাণ'ও আড়াই লক্ষ কিউসেকেই সীমাবদ্ধ রাখা হয়। DVC-র সম্পূর্ণ প্রক্রিয়ায়া স্বচ্ছতার কোন অভাব নেই বলে উল্লেখ করে জলশক্তি মন্ত্রী এব্যাপারে পশ্চিমবঙ্গকে সব রকম সহযোগিতার'ও আশ্বাস দেন।

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী DVC-র বিরুদ্ধে পরিকল্পিতভাবে বন্যা সৃষ্টির অভিযোগ করে প্রধানমন্ত্রীকে গতকাল চিঠি লেখেন। তাতে তিনি বলেন, ২০০৯ সালের পর থেকে এইবার সবচেয়ে খারাপ বন্যা পরিস্থিতির সম্মুখীন হয়েছে রাজ্য। ডিভিসি ৫ লক্ষ কিউসেকের বেশি জল ছাড়ার কারণেই প্লাবিত এগারটি জেলার ১০ হাজার বর্গ কিলোমিটার এলাকা। ক্ষতিগ্রস্ত হয়েছেন প্রায় ৫০ লক্ষ মানুষ। জলে ডুবে নষ্ট হয়ে

গেছে অধিকাংশ ফসলের খেত। অসংখ্য মানুষকে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে নিরাপদ স্থানে। DVC পরিকল্পিতভাবে বাঁধ ও জলাধারগুলি নিয়ন্ত্রণ করলে এই বন্যা আটকানো সম্ভব হত বলে মুখ্যমন্ত্রী তাঁর চিঠিতে উল্লেখ করেন। DVC-র মোট জল ছাড়ার পরিমানের হিসেব প্রধানমন্ত্রীকে দিয়ে চিঠিতে মমতা জানান, এই পরিস্থিতি চলতে থাকলে আগামী দিনে DVC-র সঙ্গে সব সম্পর্ক ছিন্ন করবে রাজ্য।

********************

এদিকে, রাজ্যের একাধিক জেলায় বন্যা পরিস্থিতি এখনো উদ্বেগজনক।
তবে DVC-র জল ছাড়ার পরিমাণ কিছুটা কমিয়েছে। গতকাল সন্ধে পর্যন্ত মাইথন থেকে ১০ হাজার ও পাঞ্চেত থেকে ৫০ হাজার কিউসেক জল ছাড়া হয়।
হাওড়ার উদয়নারায়ণপুরের বহু গ্রাম জলের তলায়। কুর্চি শিবপুর, হরালি, সিংটি, মনসুকা, পাঁচারুল সহ মোট ১১ টি গ্রাম পঞ্চায়েত প্লাবিত হবার পাশাপাশি, খিলা গ্রাম পঞ্চায়েতও আংশিক প্লাবিত হয়েছে। জেলায় মোট ছটি ব্লকে ১৫৩ টি ত্রাণ শিবির খোলা হয় হয়েছে। NDRF-এর ৬টি স্পিড বোট জলমগ্ন এলাকায় কাজ করছে।
স্পিডবোটের মাধ্যমে খাদ্য ও ত্রাণ সামগ্রী পৌঁছে দেওয়া হচ্ছে। জেলা স্তর ও ব্লক স্তরে ২৪ ঘন্টার কন্ট্রোল রুম খোলা হয়েছে|
বন্যার জলের তোড়ে হুগলি জেলার খানাকুলে বহু বাড়ি ঘর জলমগ্ন। ভেঙ্গে পড়েছে দোতলা বাড়ি। বৃষ্টি থামলেও খানাকুলে বন্যা পরিস্থিতির তেমন উন্নতি হয়নি। প্লাবিত জেলার বলাগড়ও।
দুই মেদিনীপুরের বন্যা পরিস্থিতি জটিল আকার নেওয়ায় জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীকে কাজে লাগানো হয়েছে। বন্যা কবলিত এলাকার প্রত্যন্ত অঞ্চলে পৌঁছে গিয়ে তারা ত্রাণ এবং খাদ্য সামগ্রী বিলি করার পাশাপাশি অসুস্থ ও আর্ত মানুষজনকে উদ্ধার করছেন। দুই জেলায় ৬টি দল মোতায়েন রয়েছে বলে জানিয়েছেন NDRF সূত্রে জানা গেছে।
নদীর জলস্তর বাড়তেই মুর্শিদাবাদের ভাঙন কবলিত এলাকা গুলিতে মানুষের মধ্যে আতঙ্ক ছড়িয়েছে। জেলার সুতি ও সামশেরগঞ্জের নতুন শিবপুর, লোহরপুর ও ধানঘড়ায় ব্যাপক ভাঙন শুরু হয়। মুর্শিদাবাদের লালগোলার পদ্মা ভাঙ্গন পরিদর্শনে

গিয়ে গতকাল কেন্দ্রীয় সেচমন্ত্রী চন্দ্রকান্ত রঘুনাথ পাতিলকে ফোন করে দ্রুত পদক্ষেপ করার অনুরোধ জানিয়েছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

এদিকে বন্যা কবলিত এলাকায় রান্না করা খাবার বিতরণ শুরু করেছে ভারত সেবাশ্রম সংঘ।

*******************

সাম্প্রতিক অতিবৃষ্টি এবং আবহাওয়ার খামখেয়ালিপনার কারণে ক্ষতিগ্রস্থ কৃষকদের পাশে দাঁড়াতে রাজ্য সরকার বাংলা শস্যবিমার ব্যপ্তি বাড়ানোর উপর জোর দিয়েছে। চলতি বছর ১ লক্ষ কৃষককে বিমার আওতায় আনার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়। কিন্তু সময় শেষ হয়ে এলেও লক্ষ্যমাত্রার কাছাকাছি পৌঁছতে না পারায় এবার কঠোর অবস্থান নিচ্ছে রাজ্যের কৃষি দফতর। নবান্নে গতকাল এক উচ্চ পর্যায়ের বৈঠকে কৃষি দফতরের আধিকারিক ও জেলাশাসকদের এ ব্যাপারে উদ্যোগ গ্রহণের নির্দেশ দেওয়া হয়। গতবার ৭৫ হাজার কৃষককে বিমার আওতায় আনা গিয়েছিল। এবার ১ লক্ষ কৃষককে বিমার আওতাভুক্ত করার লক্ষ্যমাত্রা নেওয়া হলেও বিমার জন্য আবেদন করেছেন মাত্র ৩০ হাজার কৃষক। এই অবস্থায় লক্ষ্যমাত্রা পূরণ করতে কৃষি দফতর চলতি মাস থেকেই জেলায় জেলায় শিবিরের আয়োজন করেছে। এই মর্মে কৃষি দফতরের তরফে এক বিজ্ঞপ্তি জারি করা হয়। রাজ্যের সমস্ত কৃষককেই এই বিমার আওতায় নিয়ে আসার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এজন্য জেলা ব্লক অফিসের পাশাপাশি অন্য কোথাও ক্যাম্প করা যায় কি না, তা নিয়েও আলোচনা চলছে বলে কৃষি দফতর সূত্রে জানা গেছে।

*******************

বন্যপ্রাণীদের বিচরণের এলাকা আরও সম্প্রসারিত করার লক্ষ্যে রাজ্য সরকার উত্তরবঙ্গের সব জাতীয় বনাঞ্চলকে একসঙ্গে যুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে। এইজন্যে দার্জিলিং-এর সিঙ্গালিলা জাতীয় উদ্যান থেকে শুরু করে নেওড়া, গরুমারা, জলদাপাড়া ও বক্সা টাইগার রিজার্ভ-কে এক করিডরের মাধ্যমে যুক্ত করা হবে। বনাঞ্চলগুলির মধ্যে যে সব জায়গায় জবরদখল হয়ে গিয়েছে তা সরিয়ে তিনশো মিটার চওড়া পর্যন্ত

একটি করিডর তৈরি করা হবে বলে রাজ্যের প্রধান মুখ্য বনপাল দেবল রায় জানিয়েছেন। এইজন্যে ইতিমধ্যে ১৪টি করিডর চিহ্নিত করা হয়েছে।

*******************

RG Kar হাসপাতালে তরুণী চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনার প্রতিবাদে আন্দোলনরত জুনিয়র চিকিৎসকরা, তাঁদের কর্মবিরতি আংশিক প্রত্যাহার করে ৪২ দিন পর আজ জরুরী বিভাগে কাজে যোগ দিচ্ছেন। রাজ্য সরকার তাদের দাবি মেনে রাজ্য সরকার সমস্ত সরকারি হাসপাতাল ও মেডিক্যাল কলেজে নিরাপত্তা ও সুরক্ষা সুনিশ্চিত করার জন্য ১০ দফা নির্দেশিকা জারির পর 'ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরর্স ফ্রন্ট'-এর পক্ষ থেকে গতকাল স্বাস্থ্য ভবনের সামনে থেকে অবস্থান বিক্ষোভ'ও তুলে নেওয়া হয়। গত ১০'ই সেপ্টেম্বর থেকে সেখানেই তাঁরা অবস্থান বিক্ষোভ চলেছিল। তবে, কর্মবিরতি প্রত্যাহার ও অবস্থান তুলে নেওয়া হলেও, অভয়ার ন্যায় বিচার না পাওয়া পর্যন্ত তাঁদের আন্দোলন ও সুপ্রিম কোর্টে আইনি লড়াই চলবে বলে ডক্টর্স ফ্রন্টের পক্ষ থেকে জানানো হয়েছে।

রাজ্যের ভয়াবহ বন্যা পরিস্থিতির প্রেক্ষিতে সাধারণ মানুষের কথা মাথায় রেখেই তাঁদের এই আন্দোলন সাময়িক প্রত্যাহারের সিদ্ধান্ত বলে চিকিৎসকরা জানিয়েছেন। প্লাবিত এলাকাগুলিতে 'অভয়া ক্লিনিক' ও চালু করেছেন তাঁরা।

এদিকে, নির্যাতিতার ধর্ষণ ও খুনে দ্রুত কিনারার দাবীতে গতকাল স্বাস্থ্য ভবন থেকে CGO কমপ্লেক্স পর্যন্ত এক মিছিলে যোগ দেন আন্দোলনকারী চিকিৎসকরা। এতে সামিল হন বহু সাধারণ মানুষ'ও।

অভয়ার দ্রুত ন্যায়বিচার ও দোষীর শাস্তির দাবিতে জুনিয়র ডাক্তারদের পাশাপাশি কলকাতায় গতকাল নাগরিক সমাজের পক্ষ থেকেও মশাল মিছিলের আয়োজন করা হয়। ৪২ কিলোমিটার দীর্ঘ এই রিলে মশাল মিছিল হাইল্যান্ড পার্ক থেকে শুরু হয়ে কলকাতার বিভিন্ন জায়গা পরিক্রমা করে রাত আড়াইটে নাগাদ শেষ হয় শ্যামবাজারে। সেখানে নির্যাতিতার বাবা মার হাতে তুলে দেওয়া হয় মশাল। আন্দোলনরত চিকিৎসকদের'ও কয়েকজন উপস্থিত ছিলেন সেখানে। তাঁদের তরফে ডাক্তার দেবাশিষ হালদার বলেন-

(বাইট- দেবাশীষ )

অন্যদিকে, মশাল গ্রহণ করে আপ্লুত নির্যাতিতার বাবা তাঁর মেয়ের দ্রুত ন্যায় বিচারের দাবী জানানোর পাশাপাশি, সি বি আই ও আদালতের ওপর আস্থা প্রকাশ করেন।

(বাইট- বাবা )

********************

দীর্ঘ আন্দোলনের পর অবশেষে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে জুনিয়র চিকিৎসকদের দাবি মেনে নিয়েছে কলেজ কর্তৃপক্ষ। পঠন-পাঠনের স্বচ্ছতা বজায় রাখা, কলেজে থ্রেট কালচার বন্ধ করা, গণতান্ত্রিক পদ্ধতিতে অরাজনৈতিক স্টুডেন্ট কাউন্সিল তৈরী ও ‘রেসিডেন্টস ডক্টর অ্যাসোসিয়েশনে’র দাবিতে হাসপাতালের জুনিয়র ডাক্তাররা গতকাল MSVP ও প্রিন্সিপাল অফিসের সামনে বিক্ষোভ দেখান। টানা কয়েক ঘন্টা চলে বিক্ষোভ। ডাক্তারদের তরফ থেকে যে দাবি রাখা হয়েছিল, অবশেষে সেগুলি মেনে নেওয়া হয়েছে বলে হাসপাতালের অধ্যক্ষ পার্থপ্রতিম মুখোপাধ্যায় জানান।

অন্যদিকে, উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালের সুপার স্পেশালিটি ব্লকের পাঁচটি ঘরের দখল নিয়েছে ‘ওয়েস্ট বেঙ্গল মেডিকেল কাউন্সিল’। সেখান থেকেই ‘থ্রেট কালচার’ চলত বলে অভিযোগ উঠে। প্রতিবাদে কাউন্সিলের অফিস ঘর সরিয়ে দেওয়ার দাবী তোলা হয়। অভিযোগ, স্বাস্থ্য শিক্ষা অধিকর্তার তরফে দুটি ঘর বরাদ্দের কথা উল্লেখ করা হলেও, দেখা যায়, পাঁচটি ঘরের দখল রয়েছে মেডিকেল কাউন্সিলের। এই মর্মে চিকিৎসকদের তরফে একটি চিঠিও দেওয়া হয়েছে। অধ্যক্ষের কথায়, বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হবে।

********************

নদীয়ার কল্যাণীর জওহরলাল নেহেরু মেডিক্যাল কলেজ- (JNM) হাসপাতালে হুমকি সংস্কৃতির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে প্রাক্তনীদের পক্ষ থেকে গতকাল কলেজের অধ্যক্ষকে স্মারকলিপি দেওয়া হয়। দ্রুত এই থ্রেট কালচার বন্ধ করে কলেজে সুস্থ পরিবেশ ফিরিয়ে আনার দাবী জানানো হয়েছে ঐ স্মারকলিপিতে। এর প্রেক্ষিতে কলেজের প্রাক্তন ও বর্তমান ছাত্র-ছাত্রীরা গত সন্ধ্যায় এক বিশেষ বৈঠকেও মিলিত হন।

উল্লেখ্য, এর আগে JNM-এ হুমকি সংস্কৃতির সঙ্গে জড়িয়ে থাকা ৩৯ জনের মতো ডাক্তার পড়ুয়াকে ৬ মাসের জন্য সাসপেন্ড করা হয়। তাদের বিরুদ্ধে ওঠা অভিযোগ নিয়ে শুরু হয়েছে তদন্ত।

********************

বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে ভিন রাজ্যের ছাত্রী অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় আরও দু'জন কে গ্রেফতার করল শান্তিনিকেতন থানার পুলিশ। ধৃতদের নাম শেখ কামরান ও জায়েদ হোসেন। এই নিয়ে এই ঘটনায় মোট চার জনকে গ্রেফতার করল পুলিশ। এর আগে গত ১৫সেপ্টেম্বর কলকাতার বেনিয়াপুকুর থেকে মহম্মদ ফায়েজ ও মহম্মদ কাইফ নামের দুই অভিযুক্তকে গ্রেফতার করে পুলিশ। তাদের জিজ্ঞাসাবাদ করে এই দুই অভিযুক্তের নাম প্রকাশ্যে আসে।

উল্লেখ্য, শিক্ষক দিবসে শান্তিনিকেতনের আম্রপালি হস্টেলে বিষ খেয়ে আত্মহত্যার চেষ্টা করেন স্নাতক তৃতীয় বর্ষের পঞ্চম সেমিস্টারের ছাত্রী অনামিকা সিং। পরে তাঁকে বোলপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হলে সেখানেই মৃত্যু হয়। অনামিকাকে আত্মহত্যায় প্ররোচনা দেওয়া হয়েছে, এই মর্মে শান্তিনিকেতন থানায় অভিযোগ দায়ের করেন তাঁর মা প্রেমলতাদেবী।

সাইবার প্রতারণার শিকার হয়েই অনামিকা আত্মঘাতী হয়েছেন বলে প্রাথমিকভাবে জানতে পারে পুলিস। তার ফোনের কল ডিটেইলস থেকে মহম্মদ ফায়েজ ও মহম্মদ কাইফ নামের দুই অভিযুক্তের কথোপকথনের রেকর্ড খুঁজে পান তদন্তকারী পুলিশ অফিসাররা।

********************

দ্বিতীয় হুগলী সেতুর ওপর গতকাল গভীর রাতে এক পথ দুর্ঘটনায় একজনের মৃত্যু হয়েছে। আমাদের প্রতিনিধি শিপ্রা সেন সাহা জানিয়েছেন, রাত প্রায় দেড়টা নাগাদ কলকাতামুখী একটি লরি নিয়ন্ত্রণ হারিয়ে অপর লেনে ঢুকে পরপর দু তিনটি গাড়ীতে ধাক্কা মারে। ঘটনায় গুরুতর আহত একজনকে SSKM হাসপাতালে নিয়ে গেলে

চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। আহত আরও কয়েকজনের চিকিৎসা চলছে।

********************

ISL ফুটবলের ম্যাচে মহামেডান স্পোর্টিং আজ FC গোয়ার বিরুদ্ধে খেলবে। যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। দুই দলই হার দিয়ে তাদের অভিযান শুরু করেছে। আইএসএলে এবারই প্রথম অংশ নেওয়া মহামেডান, প্রথম ম্যাচে নর্থ ইস্ট ইউনাইটেডের কাছে ০গোলে পরাজিত ১- হয়েছে। অন্যদিকে, এফসি গোয়া এবারের আইএসএলে তাদের প্রথম ম্যাচে জামশেদপুর এফ সির কাছে ১গোলে পরাজিত হয়েছে। ২-

*****************************************************************